ইত্তেফাক

তারিখ ২।২।৮১
পৃষ্ঠা ২ ৭

474

084

## কৃষি শিক্ষায় অচলাবস্থা দূর করা হউক

সম্প্রতি কৃষি শিক্ষাকে নিয়া যে টালবাহানা চলিতেছে তা সচেতন নাগরিক হিসাবে বোধকরি সবাই লক্ষ্য করিয়াছেন। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ খোলার প্রধানমন্ত্রীর সাম্প্রতিক সিদ্ধান্তের প্রতিবাদে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং কৃষি কলেজে ধর্মঘট চলিতেছে। ফলে এই দুই শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হইতে ইচ্ছুক ছাত্ররা ভর্তির জন্য আবেদন করিয়াও কর্তৃপক্ষের অনির্দিষ্টকালের জন্য 'ভর্তি স্থগিত' রাখার সিদ্ধান্তের প্রেক্ষিতে অনিশ্চয়তায় ভুগিতেছে। কিন্তু দুঃখের বিষয়, সরকার এই অচলাবস্থা নিরসনকল্পে আদৌ কোনো পদক্ষেপ লইতেছেন না। পত্রিকান্তরে প্রকাশ, বাংলাদেশ কৃষিবিদ সমিতি সাধারণ বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুষদ খোলার বিরোধিতা করিতেছেন। আমরা যতদূর জানি এই সিদ্ধান্ত প্রত্যাহার না করিলে অচিরেই তাঁহারা আন্দোলনে নামিবেন এবং সত্যিই যদি তাঁহারা আন্দোলনে নামেন তাহার প্রতিক্রিয়া শুধু কৃষি সেক্টরেই নয় বরং সমগ্র জাতির ওপরই বর্তাইবে বলিয়া আমাদের ধারণা। এমতাবস্থায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আমাদের আবেদন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুষদ খোলা লইয়া যে জটিলতার সৃষ্টি হইয়াছে তাহার নিরসনকল্পে কৃষি শিক্ষাবিদ ও কৃষি বিশেষজ্ঞদের মতামত নিয়া একটি গ্রহণযোগ্য সমাধান অচিরেই খুঁজিয়া বাহির করা হউক।

—মোঃ আবদুস সাদেক মুকুল, শাহী মেডিকেল হল, দাউদকান্দি, কুমিল্লা।